

বরাবর,

অধ্যক্ষ/প্রধান শিঃ/সুপার/মুহতামিম,  
.....  
..... রংপুর।

বিষয়ঃ- ইসলামিক ফাউন্ডেশন কর্তৃক আয়োজিত উপজেলা ও জেলা পর্যায়ে 'হিফজুল কুরআন' এবং 'রচনা প্রতিযোগিতায়'-২০১৮ আপনার শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের অংশ গ্রহনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন প্রসঙ্গে।

জনাব,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।

প্রতিবারের ন্যায় এ বছরও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এঁর ৪৩ তম শাহাদাৎ বার্ষিকী ও জাতীয় শোক দিবস-২০১৮ উপলক্ষে উপজেলা ও জেলা পর্যায়ে হিফজুল কুরআন এবং রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতিযোগিতা সফল বাস্তবায়নের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান হিসেবে শিক্ষার্থী প্রেরণসহ আপনার আন্তরিক সহযোগিতা কামনা করছি। প্রতিযোগিতায় অংশ গ্রহণের নিয়মাবলী ও তথ্যাদি নিম্নে উপস্থাপন করা হলো।

**\*\* উপজেলা পর্যায়ের হিফজ প্রতিযোগিতা-২০১৮-এর নিয়মাবলী ও সময়সূচী :-  
উপজেলা ও জেলা পর্যায়ের প্রতিযোগিতা নিম্নবর্ণিত ৩ (ক, খ, গ) ধাপে অনুষ্ঠিত হবে**

ক্রমঃ	গ্রুপ	বয়স	পারার বিবরণ	প্রতিযোগিতার স্থান	তারিখ ও সময়
১.	ক-গ্রুপ	অনুর্ধ্ব-১২	প্রথম -১০পারা পর্যন্ত	উপজেলা মডেল রিসোর্স সেন্টার	১৫ আগস্ট-২০১৮ সকাল ৯.৩০টা
২.	ক-গ্রুপ	অনুর্ধ্ব-১৬	১পারা হতে ২০পারা পর্যন্ত	উপজেলা মডেল রিসোর্স সেন্টার	১৫ আগস্ট-২০১৮ সকাল ৯.৩০টা
৩.	ক-গ্রুপ	অনুর্ধ্ব-২০	১পারা হতে ৩০পারা পর্যন্ত	উপজেলা মডেল রিসোর্স সেন্টার	১৫ আগস্ট-২০১৮ সকাল ৯.৩০টা

বিষয়ঃ উপজেলা পর্যায়ের বিজয়ীদের নিয়ে জেলা পর্যায়ের প্রতিযোগিতা আগামী ২৯-০৮-২০১৮ তারিখ সকাল ১০.০০ ঘটিকায় ইসলামিক ফাউন্ডেশন রংপুর বিভাগীয় কার্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হবে। উপজেলা পর্যায়ের বিজয়ী প্রতিযোগীদের নামের তালিকা ২০ আগস্ট ২০১৮ খ্রি. তারিখের মধ্যে জেলা কার্যালয়ে পৌঁছাতে হবে।

**জাতীয় শোক দিবস-২০১৮ উপলক্ষে রচনা প্রতিযোগিতা-এর বিষয়াবলী :**

গ্রুপ	শ্রেণী	রচনার বিষয়	শব্দ সংখ্যা
ক	৩য় থেকে ৫ম শ্রেণী	আমার প্রিয় বাংলাদেশ	৩০০ শব্দের মধ্যে
খ	৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণী	দেশপ্রেম ঈমানের অঙ্গ	১০০০ শব্দের মধ্যে
গ	৯ম থেকে ১০ম শ্রেণী	ইসলাম প্রচার-প্রসারে জাতির পিতা বঙ্গবন্ধুর অবদান	২০০০ শব্দের মধ্যে
ঘ	সকলের জন্য উন্মুক্ত	সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে ইসলাম	২৫০০ শব্দের মধ্যে

১। রচনা স্বহস্তে লিখতে হবে (পূর্ণাঙ্গ ঠিকানা সম্বলিত)।

২। স্ব-স্ব শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক রচনা প্রত্যায়িত করে আগামী ২৮/০৮/২০১৮ তারিখের মধ্যে উপজেলা মডেল রিসোর্স সেন্টার অথবা ইসলামিক ফাউন্ডেশন রংপুর বিভাগীয় / জেলা কার্যালয়ে জমা দিতে হবে।



(মো: শাহজাহান)

পরিচালক (চ.দা.)

ফোন: ০৫২১-৬২৯৮৩।